বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৪.১১৫ তারিখ: ২৬ মে ২০২৫ খ্রি.

জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) কোর্সে

# ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অনুমোদনপ্রাপ্ত জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানে জুলাই-ডিসেম্বর, জুলাই-সেপ্টেম্বর ও অক্টোবর-ডিসেম্বর ২০২৫ সেশনে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে ভর্তি সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

## ০১. শিক্ষাক্রম পরিচিতি:

১.১ ২০২৫ সালের "জুলাই-ডিসেম্বর", "জুলাই-সেপ্টেম্বর" ও "অক্টোবর-ডিসেম্বর" এ তিন সেশনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) কোর্স পরিচালিত হবে। প্রথম দুইটি সেশনের ক্লাশ শুরু হবে ০১ জুলাই ২০২৫ খ্রি. রোজ মঙ্গলবার থেকে এবং তৃতীয় সেশনটির ক্লাশ শুরু হবে ৫ অক্টোবর ২০২৫ খ্রি. রোজ রবিবার থেকে।

১.২ ৩ মাস ও ৬ মাস উভয় সেশনেই মোট ৩৬০ ঘন্টা ক্লাস অনুষ্ঠিত হবে। "প্রবিধান- ২০২৫" মোতাবেক ক্লাস রুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে এবং উক্ত রুটিনের এক কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর ই-মেইলে প্রেরণ করতে হবে।

১.৩ ৩৬০ ঘন্টার মধ্যে ৬০ ঘন্টার ক্লাস কমিউনিকেটিভ ইংলিশ এর জন্য নির্ধারিত থাকবে। মোট ৫০০ নম্বরে মূল্যায়ন হবে, যার মধ্যে তাত্ত্বিক ও ব্যবহারিকের অনুপাত হবে ১:৪।

১.৩.১ তাত্ত্বিক ধারাবহিকের মধ্যে ১০ নম্বর ইংরেজি ও ৩০ নম্বর সংশ্লিষ্ট ট্রেড এবং চূড়ান্ত পরীক্ষায় ৫০ নম্বর ট্রেডের জন্য ও ১০ নম্বর ইংরেজীর জন্য নির্ধারিত থাকবে।

১.৩.২ ব্যবহারিক ৪০০ নম্বরের মধ্যে ১০০ নম্বর টিউটরিয়াল, ১০০ নম্বর জব অ্যাসাইনমেন্ট ও ২০০ নম্বরের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। (বিস্তারিত প্রবিধান- ২০২৫ থেকে জানা যাবে)

১.৪ জুলাই-সেপ্টেম্বর সেশনের চূড়ান্ত পরীক্ষা শুরু হওয়ার সম্ভব্য তারিখ সেপ্টেম্বর মাসের শেষ শুক্রবার এবং অক্টোবর-ডিসেম্বর ও জুলাই-ডিসেম্বর সেশন দুইটির পরীক্ষা শুরু হওয়ার সম্ভব্য তারিখ ডিসেম্বর মাসের শেষ শুক্রবার।

## ০২. ভতি সংক্রান্ত তথ্য:

২.১ প্রতি ট্রেডে আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) জন, যার মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন।

২.২ কোন অনুমোদিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম অষ্টম শ্রেণি/জেএসসি/জেডিসি পরীক্ষায় পাশকৃত ছাত্র-ছাত্রীরা জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রমে ভর্তি হতে পারবে। তবে বিশেষ ক্ষেত্রে কোর্সের চাহিদার ভিত্তিতে এসএসসি বা সমমান বা তদুর্ধ্ব পাশকৃত ছাত্র/ছাত্রীরাও ভর্তির যোগ্য হবে।

২.৩ ভর্তি সংক্রান্ত তথ্য, চলমান ট্রেডের নাম ও বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের ওয়েবসাইটে দেখা যাবে।
**লিংক:** ০১. www.bteb.gov.bd ⇨ অনলাইনে ভর্তি ⇨ প্রতিষ্ঠানের তালিকা ⇨ জাতীয় দক্ষতামান বেসিক

অথবা

০২. www.bteb.gov.bd ⇨ স্বল্পমেয়াদি কোর্স প্রতিষ্ঠানসমূহ ⇨ জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা কোর্স স্ব-উদ্যোগে পরিচালিত প্রতিষ্ঠানসমূহের তালিকা

২.৪ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে।

২.৫ ক্লাস রুটিন ভর্তির ৭ দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে এবং ৬ মাসের কোর্স ও ৩ মাসের কোর্সের পৃথক ক্লাস রুটিন (প্রযোজ্য ক্ষেত্রে) থাকতে হবে।

২.৬ ক্লাস রুটিনে শিক্ষকদের নাম, মোবাইল নম্বর, শ্রেণি কক্ষ নম্বর, ল্যাবের নাম ও শিক্ষার্থীর সেকশন উল্লেখ করতে হবে।

**০৩. ভর্তি ও ডাটা এন্ট্রি:**

৩.১ ৩ মাস মেয়াদি কোর্সে ক্লাস শুরুর ৩০ দিনের মধ্যে এবং ৬ মাস মেয়াদি কোর্সে ক্লাস শুরুর ৬০ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে।

৩.২ ই-সেবা প্লাটফর্ম (bteb.gov.bd ⇨ ই-সেবা/btebesheba.gov.bd) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশনসহ সকল কার্যক্রম সম্পাদন করতে হবে।

৩.৩ রেজিস্ট্রেশন করার জন্য এ্যাফিলিয়েশান ফি হালনাগাদ পরিশোধ থাকতে হবে।

৩.৪ প্রশিক্ষনার্থীগণের রেজিস্ট্রেশনের মেয়াদ সেশন অনুযায়ী একটি চূড়ান্ত পরীক্ষা পর্যন্ত বলবৎ থাকবে। কোনো প্রশিক্ষণার্থী পরীক্ষায় অকৃতকার্য হলে এবং পুনরায় ভর্তি হতে চাইলে তাকে পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে।

২৬.০৫.২৫


(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com


পরিচালক/অধ্যক্ষ
জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা মেয়াদী)
শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৪.১১৫(১১) তারিখ: ২৬ মে ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব, (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। উপসচিব, (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
৭। উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। সংরক্ষণ নথি।

২৬/০৫/২০২৫


(মোঃ মাছুম বিল্লাল সরদার)
কারিকুলাম বিশেষজ্ঞ (অঃ দাঃ)
মোবাঃ ০১৭৯৩২৬৩৬৫১
মেইল: shortcourse128.bteb@gmail.com